# কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাত ক্ষতিপূরণ



MINISTRY OF MANPOWER

# কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাত জনিত ক্ষতিপূরণ বলতে কী বোঝানো হয়?

**কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতের ক্ষতিপূরণ আইন 2019 (WICA 2019)* কর্মীদের আইনি ব্যবস্থা গ্রহণ না করেই কর্ম-সম্পর্কিত আঘাত বা পেশাগত রোগের ক্ষতিপূরণ দাবি করতে দেয়।**

দ্রষ্টব্য:
*2020 সালের 1 সেপ্টেম্বরের আগে ঘটে যাওয়া কাজের দুর্ঘটনার জন্য কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাত ক্ষতিপূরণ আইন কার্যকরী। আরও তথ্য http://www.mom.gov.sg/workplace-safety-and-health/work-injury-compensation/resources-and-tools এ উপলব্ধ রয়েছে

## আমি কি সুবিধা পাবো?




### সুবিধা পাবেন

- আপনি "পরিষেবা চুক্তি"-র অধীনে কাজ করা একজন কর্মচারী।

### সুবিধা পাবেন না

- ইউনিফর্মড কর্মীরা - সিঙ্গাপুর আর্মড ফোর্সেস, সিঙ্গাপুর পুলিশ ফোর্স, সিঙ্গাপুর সিভিল ডিফেন্স ফোর্স, সেন্ট্রাল নারকোটিকস ব্যুরো এবং সিঙ্গাপুর প্রিজন সার্ভিসের সদস্য।
- স্বনিযুক্ত ব্যক্তিবর্গ/স্বাধীন ঠিকাদার
- পরিচারকগণ

### প্রশ্ন 1

**আমি কি তাও ক্ষতিপূরণ দাবি করতে পারি যদি...**

**(i) আমি আর আমার নিয়োগকর্তার সাথে কাজ না করি বা আমাকে কাজ থেকে বের করে দেওয়া হয়?**

**(ii) দুর্ঘটনাটি ঘটে যখন আমি বিদেশে কোন কার্যসূত্রে ছিলাম?**

হ্যাঁ। যতক্ষণ আপনি আপনার নিয়োগকর্তার দ্বারা নিযুক্ত থাকার সময় দুর্ঘটনাটি ঘটেছিল এবং চাকরি চলাকালীন দুর্ঘটনাটি ঘটেছিল ততক্ষণ আপনি ক্ষতিপূরণ দাবি করতে পারেন।

## আমি কর্মক্ষেত্রে আহত হয়েছি। আমার কী করা উচিত?



**☑ চিকিৎসা সাহায্য চান। অবশ্যই অবিলম্বে আপনার নিয়োগকর্তাকে জানাতে হবে।**

- আপনার নিয়োগকর্তাকে তখন জনশক্তি মন্ত্রককে (MOM) জানাতে হবে

**☑ আপনার নিয়োগকর্তাকে আপনার আসল এবং / বা ডিজিটাল (যা প্রযোজ্য) মেডিকেল সার্টিফিকেট (এমসি) এবং মেডিকেল বিল দিন।**

- আপনার MC এবং মেডিকেল বিলগুলোর একটি কপি নিজের কাছে রেখে দিন।
- অসুস্থতার কারণে ছুটিতে থাকার সময়ে আপনার পারিশ্রমিক চেয়ে নিন।
- আপনি প্রথমে বিল পরিশোধ করে থাকলে সেই অর্থ তার কাছ থেকে ফেরত পাবেন।

**☑ আপনার নিয়োগকর্তা এই দুর্ঘটনার কথা MOM কে জানিয়েছেন কিনা তা জেনে নিন।**

**☑ নতুন! একবার আপনার নিয়োগকর্তা এই ঘটনার কথা MOM কে জানালে আপনার দাবিটি WICA 2019 এর অধীনে স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়া করা হবে।**

- আপনি যদি প্রচলিত আইনের অধীনে আপনার ক্ষতিপূরণের দাবি দাখিল করার সিদ্ধান্ত নেন, তাহলে আপনাকে WICA 2019 এর অধীনে দাবির জন্য প্রত্যাহার ফর্ম নির্ধারিত বীমাকারীর কাছে জমা দিতে হবে।
- আপনি কেবল WICA 2019 অথবা প্রচলিত আইনের অধীনে দাবি করতে পারবেন।




## আমার নিয়োগকর্তা কখন আমার কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতের কথা MOM কে জানাবেন?

**আপনার নিয়োগকর্তাকে আপনার আঘাতের কথা জানাতে হবে যদি:**


- নতুন! আপনাকে বহির্বিভাগের রোগীর বা হালকা কাজের মেডিকেল ছুটি দেওয়া হয়ে থাকে, বা
- আপনি পেশাগত রোগে আক্রান্ত হয়ে থাকেন




## আমি কী দাবি করতে পারি?

## ধরন 1: চিকিৎসা করানোর খরচ






### চিকিৎসা বাবদ হওয়া খরচ কী?

- **মেডিকেল বিল**
- **কাজ করতে গিয়ে পাওয়া আঘাতের,** চিকিৎসা করানোর খরচ,**যেমন ধরুন - কাজ করতে গিয়ে পাওয়া আঘাতের মূল্যায়নের রিপোর্টের জন্য খরচ**
- আপনার নিয়োগকর্তার দ্বারা নির্ধারিত সীমা পর্যন্ত প্রদানযোগ্য, যতক্ষণ চিকিৎসা **সিঙ্গাপুর-নিবন্ধিত চিকিৎসক বা দন্ত চিকিৎসক দ্বারা** চিকিৎসা জন্য প্রয়োজনীয় হিসাবে বিবেচিত হয়।
- সর্বাধিক লিমিটের জন্য নীচের টেবিল দেখুন

**দুর্ঘটনার দিন থেকে এক বছর অথবা চিকিৎসা বাবদ নির্ধারিত সর্বাধিক পরিমান অর্থ যেটি আগে উপনীত হবে তা আপনি দাবি করতে পারবেন , ।**

| দুর্ঘটনা কখন ঘটেছে? | সর্বাধিক কী পরিমাণ অর্থ আমি ক্ষতিপূরণ হিসাবে চাইতে পারব? |
|---|---|
| **1 লা জানুয়ারি 2020 এর আগে** | **$36,000** |
| **নতুন! 1 লা জানুয়ারি 2020 এর পর** | **$45,000** |



## প্রশ্ন 2



**আমার চিকিৎসা বাবদ হওয়া খরচ হল $55,000 আমি কি এই পুরো অর্থটাই চাইতে পারব?**

এই উদাহরণে, আপনি চাইতে পারবেন। **$40,000 + $5,000 = $45,000**। 30 শে জুন 2020 তারিখে হওয়া **$5,000** খরচ আপনি চাইতে পারবেন না কারণ সর্বাধিক যত অর্থ চাইতে পারবেন তা আপনার চাওয়া হয়ে গেছে। আপনি 9ই মার্চ 2021 তারিখে হওয়া $5,000 খরচও চাইতে পারবেন না কারণ দুর্ঘটনার সময় থেকে **এক বছর পার হয়ে গেছে।**


আপনি দুর্ঘটনার কবলে পড়েছিলেন।

**$40,000**
হ্যাঁ, আপনি পুরো অর্থটাই দাবি করতে পারবেন।


**$10,000**
আপনি শুধুমাত্র $5,000 দাবি করতে পারবেন।

**$5,000**
আপনি অর্থ চাইতে পারবেন না।





## ধরন 2: অসুস্থ হয়ে ছুটিতে থাকার সময়ের পারিশ্রমিক



### অসুস্থ হয়ে ছুটিতে থাকার সময়ের পারিশ্রমিক আমি কখন চাইতে পারব?




- আপনি **নীচের সারণিতে বিস্তারিত হিসাবে** মেডিকেল ছুটির মজুরি দাবি করতে পারেন।



- আপনি কেবল সেই দিনগুলির জন্য পারিশ্রমিক দাবি করতে পারেন যে দিনগুলি আপনি সাধারণত কর্মক্ষেত্রে (কার্য দিবস) থাকতেন, বিশ্রামের দিন বা সরকারি ছুটির দিনের নয়।

| বহির্বিভাগীয় রোগী হিসাবে ছুটি(MC)/ হালকা কাজ * | হাসপাতালে ভর্তি থাকাকালীন ছুটি | অসুস্থ হয়ে ছুটিতে থাকার সময়ের পারিশ্রমিক |
|---|---|---|
| 14 দিন পর্যন্ত | 60 দিন পর্যন্ত | i. MC এর জন্য, পুরো গড় মাসিক উপার্জন (AME); অথবা<br>ii. নতুন! হালকা কাজের জন্য, এটি কর্মচারীর AME এর নীচে সেই সময় কালের জন্য কর্মচারীর আসল মজুরির ঘাটতি (যদি থাকে)। |
| দুর্ঘটনার 15 তম দিন থেকে 1 বছর পর্যন্ত | দুর্ঘটনার 61তম দিন থেকে 1 বছর পর্যন্ত | i. MC-এর জন্য, AME-এর 2/3; অথবা<br>ii. নতুন! হালকা কাজের জন্য, কর্মচারীর AME এর 2/3 এর নিচে সেই সময়ের জন্য কর্মচারীর আসল মজুরিতে যদি ঘাটতি হয়। |

## প্রশ্ন 3

**আমার নিয়োগকর্তা আমার মেডিকেল ছুটির মজুরি এবং মেডিকেল বিলের জন্য অর্থ প্রদান করেন নি। আমার কী করা উচিত?**

যদি আপনার নিয়োগকর্তা আপনার চিকিৎসা চলাকালীন ছুটির পারিশ্রমিক এবং চিকিৎসার খরচ দিতে ব্যর্থ হন, আপনি মনোনীত বীমাকারীর কাছ থেকে সহায়তা চাইতে পারেন বা MOM এর কাছে যেতে পারেন।

দ্রষ্টব্য:
*2020 সালের 1 সেপ্টেম্বর বা তার পরে কাজের দুর্ঘটনার জন্য।




## ধরন 3: চিরকালের জন্য শারীরিক ভাবে অসমর্থ (পারমানেন্টইনক্যাপাসিটি/PI) অথবা মৃত্যু হলে প্রাপ্ত একসাথে পাওয়া ক্ষতিপূরণের অর্থ



**PI -** আঘাতের কারণে অথবা অসুস্থতার কারণে কর্মচারী যদি কাজ করতে **চিরকালের জন্য**অসমর্থ হয়ে পড়েন

**প্রদেয় অর্থ = [ গড় মাসিক রোজগার ] × [ বয়স বাড়ার গুণক ] × [ % চিরস্থায়ী অক্ষমতা [1] ]**

### আমি কিভাবে হিসাব করব গড় মাসিক রোজগার (AME)?



রোজগার + ওভারটাইম বেতন + খাবার ভাতা + বোনাস এবং অন্যান্য ভাতা

দুর্ঘটনা ঘটার দিন থেকে বিগত 12 মাসে **কাজের জন্য দেওয়া পারিশ্রমিক**

**12 মাস**

### কী ধরা হয় না?

- নিয়োগকারীর CPF অবদান
- আপনার কাজে থাকার সাথে জড়িত যেকোনো বিশেষ খাতে দেওয়া অর্থ (যেমন, যাতায়াত খাতে দেওয়া অর্থ/ অর্থ ফেরত)




### দরকারি পরামর্শ

আপনার AME হিসাব করতে www.mom.gov.sg/calculate-ame দেখুন।

| দুর্ঘটনা কখন ঘটেছে? | ক্ষতিপূরণের সীমা* | |
|---|---|---|
| | ন্যূনতম | সর্বাধিক |
| 1 লা জানুয়ারি 2020 এর আগে | [$88,000 x % PI] | [$262,000 x % PI] |
| নতুন! 1 লা জানুয়ারি 2020 এর পর | [$97,000 x % PI] | [$289,000 x % PI] |

দ্রষ্টব্য:
[1]% স্থায়ী অক্ষমতা (% পিআই) কর্মচারীর অবস্থা স্থিতিশীল হওয়ার পরে ডাক্তারের মূল্যায়নের নির্ভর ভিত্তি করে।
*ক্ষতিপূরণের সীমা সাপেক্ষ



## ধরন 3: চিরকালের জন্য শারীরিক ভাবে অসমর্থ (পারমানেন্ট ইনক্যাপাসিটি/ PI) অথবা মৃত্যু হলে প্রাপ্ত একসাথে পাওয়া ক্ষতিপূরণের অর্থ (চলবে)

**মৃত্যু -** যখন পাওয়া আঘাত থেকে কর্মচারীর মৃত্যু হয়

**মৃত কর্মচারীর পরিবারের সদস্যদের অথবা তার উপরে নির্ভরশীলদের প্রদেয় অর্থ = [ কর্মচারীর গড় মাসিক রোজগার ] × [ বয়স বাড়ার গুণক ]**

| দুর্ঘটনা কখন ঘটেছে? | ক্ষতিপূরণের সীমা* | |
|---|---|---|
| | ন্যূনতম | সর্বাধিক |
| 1 লা জানুয়ারি 2020 এর আগে | $69,000 | $204,000 |
| নতুন! 1 লা জানুয়ারি 2020 এর পর | $76,000 | $225,000 |

## প্রশ্ন 4


**WICA ক্ষতিপূরণ দাবি করার জন্য আমার কি উকিলের প্রয়োজন হবে?**

- আপনার দাবির পরিপ্রেক্ষিতে আপনাকে সাহায্য করার জন্য আইনজীবী নিয়োগ করার প্রয়োজন নেই। ক্ষতিপূরণের পরিমাণ একটি নির্দিষ্ট সূত্রের উপর ভিত্তি করে নির্ধারিত হয়ে থাকে
- MOM এ দোভাষী রয়েছেন যারা আপনাকে সাহায্য করতে বাংলা, তামিল, ম্যান্ডারিন এবং মালয় ভাষায় কথা বলতে পারেন।

দ্রষ্টব্য:
*ক্ষতিপূরণের সীমা সাপেক্ষ

## আমার একটি WICA দাবি রয়েছে। আমার কী করা উচিত?






### আমার WICA দাবি

নতুন! • আপনার নিয়োগকর্তা এই দুর্ঘটনার কথা MOM কে জানানোর পর দাবিটি **নির্ধারিত বীমাকারীর** * দ্বারা স্বয়ংক্রিয়ভাবে প্রক্রিয়া করা হবে।

### চিকিৎসার মুল্যায়ন করাতে যান

- সমস্ত মেডিকেল অ্যাপয়েন্টমেন্টগুলোতে যান।
- হাসপাতাল/ক্লিনিক পরিবর্তন করবেন না।
- হাসপাতাল আপনাকে মূল্যায়ন করবে এবং মনোনীত বীমাকারীকে আপনার আঘাতের পরিমাণ সম্পর্কে জানাবে।

### মূল্যায়নের বিজ্ঞপ্তি নিন (NOC)

নতুন! • মনোনীত বীমাকারী আপনাকে প্রদেয় যে কোনও ক্ষতিপূরণের একটি হিসেব (NOC) পাঠাবে।

### দাবি এবং প্রদেয় অর্থের মীমাংসা করুন

- যদি NOC-তে কোনও **আপত্তি** না থাকে তবে আপনি নোটিশের 21 দিনের মধ্যে আপনার ক্ষতিপূরণ পাবেন।.
- যদি কোনও **আপত্তি** থাকে তবে MOM বিষয়টি মীমাংসা করতে এবং ক্ষতিপূরণ পরিশোধের জন্য আদেশ জারি করতে সহায়তা করবে।

### প্রশ্ন 5

**আমি একজন বিদেশী কর্মী আমার WICA দাবির প্রক্রিয়া চলাকালীন আমার নিয়োগকর্তা কি আমাকে আমার দেশে ফেরত পাঠাতে পারেন?**

যদি MOM মনে করে আপনাকে সিঙ্গাপুরে থাকতে হবে তবে আপনার নিয়োগকর্তা আপনাকে আপনার দেশে ফেরত পাঠাতে পারবেন না।

যদি তিনি আপনাকে বাড়িতে যেতে বাধ্য করেন, তবে অভিবাসন চেকপয়েন্টগুলিতে কর্তৃপক্ষকে রিপোর্ট করুন এবং তারা আপনাকে MOM-এর সাথে যোগাযোগ করাবে।

দ্রষ্টব্য: *MOM মনোনীত বীমাকারী ছাড়া মামলাগুলির জন্য দাবি প্রক্রিয়াকরণ নিজে করবে।

## WICA এর চোখে আমি কোনো অপরাধ করলে কী হবে?



MOM আপনার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেবে।

শাস্তিগুলি হ'ল:

| জালিয়াতি করে ক্ষতিপূরণ চাওয়ার জন্য | | অফিসারদের মিথ্যা তথ্য দেওয়ার জন্য | |
|---|---|---|---|
| • প্রথম অপরাধ: $15,000 অবধি জরিমানা এবং / অথবা 12 মাস পর্যন্ত কারাদণ্ড | • দ্বিতীয় বা পরবর্তী অপরাধ: $30,000 অবধি জরিমানা এবং / অথবা 12 মাস পর্যন্ত কারাদণ্ড | • প্রথম অপরাধ: $5000 পর্যন্ত জরিমানা এবং / অথবা 6 মাস পর্যন্ত কারাদণ্ড | • দ্বিতীয় বা পরবর্তী অপরাধ: $10,000 ডলার পর্যন্ত জরিমানা এবং / অথবা 6 মাস পর্যন্ত কারাদণ্ড |

আপনি যদি বিদেশী কর্মী হয়ে থাকেন, তাহলে আপনাকে সিঙ্গাপুরে ফিরে আসতে দেওয়া হবে না।

## কর্মক্ষেত্রে আঘাতের ক্ষতিপূরণ সম্পর্কে আরও জানতে এখানে যান

http://www.mom.gov.sg/wic

Ministry of Manpower Services Centre
1500 Bendemeer Road
Singapore 339946

কাজের সময়:
সোমবার থেকে শুক্রবার: সকাল 8:00 – বিকাল 5:30
(বিকাল 4.30 পর্যন্ত লাইনের টিকিট দেওয়া হবে)

6438 5122

জানুয়ারি 2021-এ আপডেটেড

এই নির্দেশিকায় দেওয়া তথ্য ছাপানোর সময়কাল পর্যন্ত নির্ভুল। এই নির্দেশিকা কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাত ক্ষতিপুরণের উপর মৌলিক তথ্য ও কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতের ক্ষতিপূরণ আইন 2019 এর (WICA 2019) অধীনে কর্মচারীদের তাদের অধিকার এবং বাধ্যবাধকতার সংক্ষিপ্ত বিবরণের একটি নির্দেশিকা। একটি পথনির্দেশক পুস্তিকা হিসাবে এই তথ্যপত্রটির কোনো আইনি ভিত্তি নেই। কোন ধরনের সন্দেহ নিরসনের জন্য WICA 2019 আইনই উপযুক্ত দ্রষ্টব্য দলিল।

©2021 সিঙ্গাপুর সরকার (জনশক্তি মন্ত্রক).
সর্বস্বত্ব সংরক্ষিত।